শেষ করতে পারেন তবে আপনি উত্তীর্ণ এবং আপনার মত ধৈর্য্যশীলদের নিচের এই কোডগুলো না জানলেও চলবে। জাস্ট এসকেপ করে পরের গেমে চলে যান। অন্যদের জন্য–

BUTCHER- কোন লেভেলের মনস্টারগুলোকে মেরে ফেলে;

CASPER-দেয়াল ভেদ করে হাঁটা অন/অফ;

CONAN-সমস্ত অস্ত্র হয়রান;

DELIVERANCE-পিগ মোড (হাঃ হাঃ);

INDIANA-সমস্ত আরটিফ্রাক্ট পাওয়া;

LOCKSMITH-সমস্ত চাবি;

NRA-সকল অস্ত্র পাওয়া;

SATAN-ইনভিন্সিবিলিটি;

SHADOWCASTER-(০, ১ অথবা ২)- চরিত্র পরিবর্তন;

SHERLOCK-সকল ধাঁধার আইটেমগুলো পাওয়া;

VISIT (০-৩১ অথবা ৪১) বিভিন্ন লেভেলে warp করা।

অন্য ধাঁচের এই গেমটি খেলার সময় উপরের কোডগুলো টাইপ করতে হবে।

এবার আসুন জেনে নিই বিভিন্ন বিষয়ে দিকপাল গেমসগুলির নাম এবং তাদের বিষয়ে– (নিচের চার্টটি লক্ষ্য করুন–)

**ইন্টারনেট পিসি গেমস অ্যাওয়ার্ড, ১৯৯৫**

| | |
|---|---|
| বেস্ট গ্রাফিক্স | উইং কমান্ডার থ্রি |
| বেস্ট সাউন্ড | ফুল থ্রটল |
| বেস্ট কোড | ডিসেন্ট |
| বেস্ট ডিজাইন | কমান্ড এন্ড কঙ্কার |
| বেস্ট একসন গেম | ডিসেন্ট |
| বেস্ট এডভেঞ্চার গেম | ফুল থ্রটল |
| বেস্ট স্ট্রাটেজি গেম | গ্যালাকটিক সিভিলাইজেসন |
| বেস্ট ওভারঅল গেম | গ্যালাকটিক সিভিলাইজেসন |

## ফিফা–৯৬

এতোদিন সম্ভবত ফুটবল প্রেমিকদের মনের খেদোক্তি মিটল। আসাধারণ গ্রাফিক্স এবং সাউন্ড– এর অন্য নামই দেয়া হয়েছে "ভার্চুয়াল স্টেডিয়াম"। বিশ্বের সেরা সেরা ফুটবলারদের সেরা নৈপুণ্য প্রদর্শন, একাধিক ভাষায় কমেন্ট্রি, অনন্য মিউজিক SFX, সব মিলিয়ে আপনার মনে হবে আপনি আসলে স্টেডিয়ামেই খেলছেন। সাত সাতটি অ্যাঙ্গেল থেকে ক্যামেরা ভিউ, প্র্যাকটিস অপসন, পছন্দের কোন দেশ বাছাই, অথবা লীগ বাছাই, প্লে অব ম্যাচ– কি নেই এতে। বেবেতো, রোমারিও, ব্যাজিও, হাজি প্রমুখ বিশ্ববিখ্যাত খেলোয়াড়রা– কে নেই এতে। উপরন্তু সহজ কন্ট্রোলিং (আর যদি ফোর বাটন জয়স্টিক থাকে তা হলে তো কথাই নেই) গেমটিকে গেম প্রেমীদের কাছে আরো গ্রহণযোগ্য করে তুলেছে।

এটিসহ ফুটবলের যে কোন গেমের একটি সহজ ট্রিকস জেনে নিন– অপনেন্টের গোলকীপার যখন বল ধরে শট করতে যায় তখন আপনার প্লেয়ারকে গোলকিপারের ঠিক সামনে রাখুন। যখনই গোলকিপার কিক করার জন্য বলটা হাত থেকে ছাড়বে তখনই স্লাইডিং ট্যাকলের মাধ্যমে আবার কখনও হেডের মাধ্যমে বলটি জালে পাঠিয়ে দিন। ব্যস– গো-ও-ও-ল।

## ড্রাগনস্ লেয়ার

রূপকথার এই গেমটির ছোট্ট একটি ট্রিকস জেনে নিন। একেবারে প্রথম দৃশ্যে যখন সাপগুলি moat (অর্থাৎ দুর্গের সামনের ঐ গোলাকার ফাঁদটি) ভেদ করে উপরে উঠে আসে ঠিক তখন 'এসকেপ' কীটি চাপুন! কি দেখছেন? জি জনাব, আপনি একেবারে শেষ লেভেলে পৌছে গেছেন।

## ইন্ডিয়ানা জোনস এন্ড দি ফেট অফ দি আটলান্টিস

শুধু তুড়ি মেরেই আপনি আপনার সকল শত্রুকে মেরে ফেলতে পারেন। অবশ্য তুড়ি বাজাবার সময় হাতটা কী-বোর্ডের 'ইনসার্ট' কি এর উপর রাখা চাই। হা: হা: বুদ্ধিমান হউন ঠিক কাজটি করুন।

## দেখুন, পড়ুন এবং জিতে নিন–

নিচের প্রশ্নগুলোর যথাযথ উত্তর লিখে কমপিউটার জগৎ বরাবরে ২৫শে ডিসেম্বরের মধ্যে পাঠিয়ে দিন। এ প্রতিযোগিতা সবার জন্য উন্মুক্ত। সঠিক উত্তরদাতাদের মধ্যে প্রথম তিনজনকে পরবর্তী ৩ (তিন) সংখ্যা কমপিউটার জগৎ বা ৩টি প্রাইজবন্ড পুরস্কার দেয়া হবে।

প্রশ্ন ১। একটি প্রোগ্রাম লিখুন যা রুট থেকে রান করালেই সরাসরি লোটাস গেমটি চলবে এবং অবশ্যই ফুয়েল সমস্যা থাকবে না।

প্রশ্ন ২। প্রিন্স ১ এর কোন্ লেভেলে ইঁদুর, প্রিন্সকে সাহায্য করে?

প্রশ্ন ৩। এনাদার ওয়ার্ল্ডে প্রফেসরের ল্যাবে ঢুকার পাসওয়ার্ড নম্বরটি কত?

অতিরিক্ত প্রশ্ন : আপনার পছন্দের দশটি গেমের নাম লিখুন।

**লক্ষ্য করুন ঃ**

নির্বাচনের ক্ষেত্রে আমার সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এবং এর উত্তর পত্রে এনভেলাপের উপরে "গেম কুইজ" কথাটি অবশ্যই লিখতে হবে।–লেখক

কৃতজ্ঞতা স্বীকার
খাইরুল কবীর (মঈন)


# WELCOME TO GRAVIS TECHNOCOM

কম্পিউটার ও কম্পিউটারের যাবতিয় যন্ত্রাংশের
পাইকারী ও খুচরা বিক্রয়ের নিশ্চয়তা দিচ্ছি।

* MOTHER BOARD : 486DX, 486DX(PCI), PENTIUM.
* PROCESSOR : 486DX4-100MHz / 133MHz (AMD BRAND)
PENTIUM- 100MHz/ 133MHz/ 150MHz (INTEL BRAND)
* H.D.D. : 850MB/ 1GB/ 1.2GB/ 1.3GB/ 1.7GB(QUANTUM BRAND)
* F.D.D. : 1.44MB ( TEAC, PENASONIC, SONY, MITSUMI )
* VGA & I/O CARD : VESA 16bit / 32bit & PCI 64bit CARD
* RAM : 72pin SIMM RAM, 4MB / 8MB / 16MB MODULE.
* MONITOR : SAMSUNG 14" COLOR.
* MOUSE * KEYBOARD * CASING * DISK * MOUSE PAD * DAST COVER

# GRAVIS TECHNOCOM

ALPANA PLAZA (3rd Floor), 51 NEW ELEPHANT ROAD, DHAKA-1205.
TEL: 868374.